# How to Apply

**বর্তমান online System-এ apply?**

একজন এমপিও ভূক্ত শিক্ষক-কর্মচারী চাকুরি হতে নিয়ম অনুযায়ী অবসর গ্রহণ বা পদত্যাগ ও মৃত্যুবরণ করলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট হতে কল্যাণ সুবিধা পাওয়ার জন্য ইউনিয়ন পরিষদ এর কার্যালয়ে এসে ইউ.এস.সি হতে online System-এর মাধ্যমে কল্যাণ ট্রাস্ট অফিসে আবেদন করতে পারবেন।

* প্রথমে Internet-এর মাধ্যমে কল্যাণ ট্রাস্ট এর ওয়েবসাইট- www.ngte-welfaretrust.gov.bd এ প্রবেশ করতে হবে।
* ওয়েবসাইটে প্রবেশের পর database- এ login করতে হবে।
* Database- এ login করার পর একটি তথ্য ফরম আসবে।
* তথ্য ফরমটি চাহিদা অনুযায়ী পূরণ করতে হবে।
* ফরমটির নীচে তার প্রয়োজনীয় কাগজ পত্র স্কেনিং করে পূরণ করতে হবে।

যেমন- ক) ইনডেক্সের ১ম এমপিও
খ) শেষ এমপিও
গ) শিক্ষক-কর্মচারীর বিবরণসহ সর্বশেষ প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।
ঘ) সভাপতির ফরওয়াডিং
ঙ) ১ম এমপিও সংশিণ্টষ্ট একুইটেন্স রোল
চ) শেষ এমপিও বিলফরম
ছ) শিক্ষক-কর্মচারীর শেষ ছয় মাসের উত্তোলিত বেতনের ব্যাংক বিবরণী।
জ) মৃত ব্যক্তির ক্ষেত্রে নমিনি সংক্রান্ড় যাবতীয় কাগজপত্র।

* কাগজ পত্রাদি স্কেনিং করার পর সম্পূর্ণ আবেদনটি ১ম থেকে শেষ পযর্ন্ড় সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা ভালো করে দেখে Submit বাটনে ক্লিক করে Submit করতে হবে।
* আবেদনটি সঠিক ভাবে Submit হলে উলেণ্টখিত মোবাইল নম্বরে Submit হয়েছে এই মর্মে একটি Passward নাম্বারসহ Massage আসবে।
* Online Database এ তাঁর আবেদনটি আসার পর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সেলের Online Database-এর সাথে Veryfication হয়ে যাবে।
* অডিট কর্মকর্তার অডিটের পর নীরিক্ষা উপ-কমিটি উক্ত আবেদনটি অনুমোদনের জন্য চূড়ান্ড় করবে।
* উক্ত আবেদনটির বিপরীতে হিসাবকৃত অর্থ অনুমোদনের জন্য বোর্ড সভায় উপস্থাপন করা হবে।
* বোর্ড সভায় অনুমোদিত অর্থ Online Banking- এর মাধ্যমে খুব সহজেই সংশিণ্টষ্ট শিক্ষক কর্মচারীর ব্যাংক একাউন্টে পাঠিয়ে দেয়া হবে।

পূর্বের পদ্ধতির অবসান ঘটিয়ে ডিজিটাল পদ্ধতিতে ইন্টারনেট অনলাইনের মাধ্যমে আবেদন সাবমিট করে ও মোবাইল ফোনের মেসেজের মাধ্যমে ঘরে বসে আবেদনের বর্তমান অবস্থা জানা এবং অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে অতি দ্রূততার সাথে টাকা প্রেরণ যেন এক স্বপ্নের দুয়ার খুলে দিল বেসরকারী শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট। যা আর ভাবনা নয় এখন বাস্ড়ব। বিশ্বের সাথে তাল মিলিয়ে আমরাও ২০২১ ভিশনের অংশ হয়ে একধাপ এগিয়ে চলার প্রত্যয় ব্যক্ত করছি। ধন্যবাদ মাননীয় প্রধানমন্ত্রীকে এবং একসেস টু ইনফরমেশন ও এর সাথে জড়িত সকল কলাকুশলীদের কে।

## ফরম- 'খ'

প্রবিধান- ৮(২) দ্রষ্টব্য

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট

মৃত্যুবরণকারী শিক্ষক/কর্মচারীদের আর্থিক প্রাপ্যতার আবেদনপত্রের ফরম

(১) শিক্ষক/কর্মচারীর নাম ঃ

(২) পিতার/স্বামীর নাম ঃ

(৩) পদের নাম ঃ

(৪) ইনডেক্স নম্বর ঃ

(৫) শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও কোড নম্বর ঃ

(৬) বর্তমান ঠিকানা ঃ

(৭) স্থায়ী ঠিকানা ঃ

(৮) চাকুরীতে যোগদানের তারিখ ঃ

(৯) জন্ম তারিখ ঃ

(১০) মৃত্যুর সময় বেতনক্রম ও মূল বেতন ঃ

(১১) মৃত্যুর তারিখ ও প্রমানপত্র ঃ

(১২) সর্বশেষ উত্তোলিত মোট বেতন ঃ

(১৩) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টে সর্বশেষ চাঁদা প্রদানের তারিখ ঃ

(১৪) মোট চাকুরীকাল ঃ

(১৫) আবেদনকারীর নাম ও সম্পর্ক ঃ

(১৬) উত্তরাধিকারের প্রত্যয়নপত্র (সাকসেশন সার্টিফিকেট)ঃ

(১৭) আবেদনকারীর মোবাইল নম্বর ঃ

আমি এতদ্বারা ঘোষণা করছি যে, উলিখিত তথ্য সঠিক ও নির্ভুল এবং আমি কোন তথ্য গোপন করিনি। যদি কোন তথ্য অসত্য বা ভুল বলে প্রমাণিত হয় তাহলে আমি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টকে এই আবেদনপত্রের প্রেক্ষিতে প্রাপ্ত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকিব।

আবেদনকারীর স্বাক্ষর

প্রত্যয়নপত্র ঃ বর্ণিত তথ্যাদি সঠিক বলে প্রত্যয়ন করছি।

সভাপতির প্রতিস্বাক্ষর

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

**www.ngte-welfaretrust.gov.bd**

**মৃতব্যক্তির ক্ষেত্রে কল্যাণ সুবিধা প্রাপ্তির আবেদনের নিয়মাবলী**

১। আবেদন ফরম "খ" সঠিক তথ্য দ্বারা পূরণ করতে হবে।

২। ১ম MPO এবং এ সংশিষ্ট একুইটেন্স এর স্পষ্ট ফটোকপি (সত্যায়িত)।

৩। শেষ MPO এবং এ সংশিষ্ট ব্যাংকে পাঠানো বিল ফরমের স্পষ্ট ফটোকপি (সত্যায়িত)।

৪। মৃত ব্যক্তির বেতনের সরকারী অংশ গ্রহনের প্রমাণ স্বরূপ সর্বশেষ ০৬ (ছয়) মাসের সংশিষ্ট ব্যাংক কর্তৃক নিজস্ব হিসাবের Bank Statement-এর মূল কপি (ব্যাংকের নাম, ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর উলেখসহ)।

৫। আবেদনকারীর ব্যাংক প্রত্যয়ন (মৃত ব্যক্তির সাথে সম্পর্ক উলেখ থাকতে হবে)।

৬। আবেদনকারীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত ও লেমিনেটিং করা)।

৭। মৃত ব্যক্তির বিস্ড়ারিত বিবরণসহ (জন্মতারিখ,যোগদান,১ম এমপিও ভুক্তির তারিখ,ইনডেক্স, মৃত্যুর তারিখ, চাকুরীর বিরতির সময়কাল এবং কর্মরত অবস্থায় মৃত কিনা-উলেখসহ) প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।

৮। মৃত জনিত রেজুলেশন-এর ফটোকপি (সত্যায়িত)।

৯। প্রতিষ্ঠান প্রধানের লেমিনেটিং করা ০১ (এক) কপি ছবি (সভাপতি কর্তৃক সত্যায়িত)।

১০। ইউপি চেয়ারম্যান/কমিশনার/সেনিটারী ইন্সপেক্টর কর্তৃক মৃত্যু সনদ।

১১। ১৫০/= টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ওয়ারিশগণের মধ্য হতে একজনকে নমিনি করে ক্ষমতা হস্ড়ান্ড়রপত্র যার প্রতিটি পাতায় ইউপি চেয়ারম্যান/কমিশনার কর্তৃক স্বাক্ষর থাকবে সেটির মূলকপি।

১২। ওয়ারিশ/ওয়ারিশগন নাবালক (অর্থাৎ ১৮ বছরের নীচেয় বয়সের পুত্র/কন্যা) থাকলে নমিনিকে ১৫০/= টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে-অঙ্গীকার নামাপত্র দিতে হবে যার প্রতিটি পাতায় ইউপি চেয়ারম্যান/কমিশনার কর্তৃক স্বাক্ষর থাকবে তার মূলকপি।

১৩। প্রতিষ্ঠানের সভাপতি কর্তৃক অগ্রগামী পত্র এবং ফরম 'খ' এর উপর প্রতিস্বাক্ষরিত আবেদন জমা দিতে হবে।

১৪। সকল ফটোকপি অবশ্যই প্রতিষ্ঠান প্রধানের নামাঙ্কিত সীল, ইনডেক্স উলেখসহ সত্যায়িত হতে হবে।

১৫। বয়স প্রমানের জন্য এসএসসি-র সার্টিফিকেটের সত্যায়িত ফটোকটি দিতে হবে।

১৬। অতিরিক্ত অর্থ উত্তোলন করে থাকলে তা ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে তার মূলকপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। (অর্থাৎ যে মাসে শিক্ষক/কর্মচারী মৃত্যু বরন করেছেন সেই মাসের মৃত্যু দিবস পর্যস্ড় তার বেতন প্রাপ্য এর অতিরিক্ত উত্তোলিত হলে)

## ট্রেজারী চালানের কোড নম্বর

(বাংলাদেশ ব্যাংক অথবা সোনাল ব্যাংকের ট্রেজারী সংক্রান্ড় কাজ হয় এমন শাখায় জমা দেয়া যায়)

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৫ | ৩ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | ৬ | ৭ | ১ |